# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৬: অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

بَابُ تَحْرِيْمِ الظُّلْمِ وَالْأَمْرِ بِرَدِّ الْمَظَالِمِ ـ (26)

আরবী

وعن أَبي هريرة رضي اللَّه عنه ، أَن رسولَ اللَّه صَلّى االلهُ عَلَيْهِ وسَلَّم قال : »أَتَدْرُون من الْمُفْلِسُ ؟«قالُوا : الْمُفْلسُ فِينَا مَنْ لا دِرْهَمَ لَهُ وَلا مَتَاعَ . فقال : » إِنَّ الْمُفْلِسَ مِنْ أُمَّتِي مَنْ يَأْتِي يَوْمَ الْقيامةِ بِصَلاةٍوَصِيَامٍ وزَكَاةٍ ، ويأْتِي وقَدْ شَتَمَ هذا ، وقذَف هذَا وَأَكَلَ مالَ هَذَا، وسفَكَ دَم هذَا ، وَضَرَبَ هذا ، فيُعْطَى هذَامِنْ حسَنَاتِهِ ، وهَذا مِن حسَنَاتِهِ ، فَإِنْ فَنِيَتْ حسناته قَبْلَ أَنْ يقْضِيَ مَا عَلَيْهِ ، أُخِذَ مِنْ خطَايَاهُمْ فَطُرِحَتْ علَيْه، ثُمَّ طُرِحَ في النَّارِ« رواه مسلم .

বাংলা

১৬/২২৩। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’তোমরা কি জান, নিঃস্ব কে?’’ তাঁরা বললেন, ’আমাদের মধ্যে নিঃস্ব ঐ ব্যক্তি, যার কাছে কোন দিরহাম এবং কোনো আসবাব-পত্র নেই।’ তিনি বললেন, ’’আমার উম্মতের মধ্যে (আসল) নিঃস্ব তো সেই ব্যক্তি, যে কিয়ামতের দিন নামায, রোযা ও যাকাতের (নেকী) নিয়ে হাযির হবে। (কিন্তু এর সাথে সাথে সে এ অবস্থায় আসবে যে, সে কাউকে গালি দিয়েছে। কারো প্রতি মিথ্যা অপবাদ আরোপ করেছে, কারো (অবৈধরূপে) মাল ভক্ষণ করেছে। কারো রক্তপাত করেছে এবং কাউকে মেরেছে। অতঃপর এ (অত্যাচারিত) কে তার নেকী দেওয়া হবে, এ (অত্যাচারিত) কে তার নেকী দেওয়া হবে। পরিশেষে যদি তার নেকীরাশি অন্যান্যদের দাবী পূরণ করার পূর্বেই শেষ হয়ে যায়, তাহলে তাদের পাপরাশি নিয়ে তার উপর নিক্ষেপ করা হবে। অতঃপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে।’’[1]

## English

(26) Chapter: Unlawfulness of Oppression and Restoring Others Rights

Abu Hurairah (May Allah bepleased with him) reported:
Messenger of Allah (PBUH) said, "Do you know whois the bankrupt?'' They

said: "The bankrupt among us is one who has neither money with him nor any property". Hesaid, "The real bankrupt of my Ummah would be he who would come on the Day of Resurrection with Salat, Saumand Sadaqah (charity), (but he will find himself bankrupt on that day as he will have exhausted the good deeds) because he reviled others, brought calumny against others, unlawfully devoured the wealth of others, shed the bloodof others and beat others; so his good deeds would be credited to the account of those (who suffered at his hand). Ifhis good deeds fall short to clear the account, their sins would be entered in his account and he would be thrown inthe (Hell) Fire".

[Muslim].
Commentary: This Hadith tells us that a Muslim has to take strict care in the performance of obligations likeprescribed Salat (prayers), Zakat, etc, but he has to take similar care in his dealings, manners and morals. Salvationlies in the proper fulfillment of all these requirements. Fulfillment of one at the cost of the other will not besufficient for salvation.

## ফুটনোট

[1] মুসলিম ২৫৮১, তিরমিযী ২৪১৮, আহমাদ ৭৯৬৯, ৮২০৯, ৮৬২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22561

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন